



প্রোবায়োটিক ব্যবহার করে ব্রয়লার উৎপাদনে সাফল্য

মোঃ মুস্তাফিজুর রহমান পাশু



ব্রয়লার মুরগিতে প্রোবায়োটিক ব্যবহার করে বিস্ময়কর সাফল্য পেয়েছেন পটুয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র ডা: এ,এস,এম, এস, হোসেন (সোহেল)।

বিশ্ববিদ্যালয়ের Biochemistry and Food Analysis department-এর Assistant Professor ডাঃ রবিউল হকের তত্ত্বাবধানে ডা: এ,এস,এম,এস, হোসেন ব্রয়লার পালনে প্রোবায়োটিক ব্যবহার করেন।

তার মতে এনিম্যাল এবং পোল্ট্রি শিল্পে গ্রোথ প্রমোটর হিসেবে এন্টিবায়োটিক ব্যবহার করা হচ্ছে অনেক আগে থেকেই। এই

শিল্পে এন্টিবায়োটিক ব্যবহার বৃদ্ধির সাথে সাথে মানব জীবনে এর ক্ষতিকর প্রভাব বিস্তারের সম্ভবনা সৃষ্টি হচ্ছে অনেকাংশে। বর্তমানে এন্টিবায়োটিক এর ব্যবহার শুধুমাত্র গ্রোথ প্রমোটর হিসেবেই থেমে থাকেনি বরং রোগ প্রতিরোধ ও চিকিৎসা ক্ষেত্রে এর অবাধ ব্যবহার হচ্ছে। কোন প্রকার বিধি নিষেধের তোয়াক্কা না করে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান বা পুষ্টিবিদের পরামর্শ ছাড়াই মানুষের জন্য ব্যবহৃত উচ্চক্ষমতা সম্পন্ন এন্টিবায়োটিক এখন পোল্ট্রিতে হরহামেসাই ব্যবহার করা হয়।

এই শিল্পে উচ্চক্ষমতা এন্টিবায়োটিকের পাশাপাশি এখন দুই বা ততধিক এন্টিবায়োটিকের সংযুক্ত চিকিৎসা দিয়ে যেন চিকিৎসার প্রতিযোগিতা চলছে। এন্টিবায়োটিকের অযাচিত ব্যবহার পাকস্থলী এবং অস্ত্রের উপকারী ব্যাক্টেরিয়াই কেবল ধ্বংস করে না বরং কিছু কিছু ব্যাক্টেরিয়াকে প্রতিরোধী করে তোলে এবং সেই সাথে কিছু ব্যাক্টেরিয়ার জেনেটিক মিউটেশন ঘটে। এই সব resistant এবং mutant ব্যাক্টেরিয়া খাদ্য শিকলের মাধ্যমে দ্রুত ছড়ায়। এছাড়াও

এন্টিবায়োটিক এর Residual effect Human body কে করে তোলে সংক্রমণ প্রবণ। এভাবে রোগ সংক্রমণ ছড়ালে রোগের তীব্রতা হবে মানবকূলের জন্য অনেক ভয়াবহ এবং চিকিৎসা হবে অনেক ব্যয়বহুল। তাই আমাদের নিজেদের স্বার্থেই প্রাণী এবং পোল্ট্রি শিল্পসহ সকল খাদ্যজাত শিল্পে এন্টিবায়োটিক বাদে অন্য গ্রোথ প্রমোটর এর ব্যবহার এখন সময়ের দাবি।

প্রোবায়োটিক কি?

প্রোবায়োটিক হলো কিছু উপকারী জীবন্ত ব্যাক্টেরিয়া ও ফিস্টের মিশ্রণ যা পাকস্থলী এবং অস্ত্র প্রবেশের পর তারা নিজেদের সংখ্যা বৃদ্ধি করে অস্ত্রের পিএইচ ব্যবস্থাপনা করার পাশাপাশি কিছু নির্যাস তৈরি করে যা অপকারী ব্যাক্টেরিয়ার বংশ বিস্তারে বাধা সৃষ্টি করে। খাদ্যের হজম প্রক্রিয়া সাবলীল করে, গ্রোথ ও প্রোডাকশন বৃদ্ধি করে, শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে শরীরকে রাখে সতেজ ও রোগমুক্ত। প্রোবায়োটিকস মানব শরীরের জন্য সম্পূর্ণ

নিরাপদ। ডা: সোহেল গত কয়েক মাস ধরে বিভিন্ন ব্রয়লার শেডে কয়েকশত ব্রয়লার মুরগির উপর গবেষণা করেন।

ডা: সোহেল ব্রয়লার পালনে কিছু মুরগিতে এন্টিবায়োটিক, কিছু মুরগিতে প্রোবায়োটিক এবং কিছু মুরগিতে এন্টিবায়োটিক ও প্রোবায়োটিক একত্রে চিকিৎসা হিসেবে ব্যবহার করেন। খাদ্য, পানি, তাপমাত্রা, লিটার ও অন্যান্য ব্যবস্থাপনা সকল মুরগির জন্য সমান রাখেন এবং চিকিৎসা শেষে লক্ষ্য করেন যে প্রোবায়োটিক ব্যবহৃত মুরগিতে গ্রোথ এবং খাদ্য রূপান্তর হার ছিল সবচেয়ে বেশি এবং বিভিন্ন রোগের উপক্রম ও মৃত্যুহার ছিল অন্যান্য





পোল্ট্রি খামার ব্যবস্থাপনা

চিকিৎসা থেকে সবচেয়ে কম। তাছাড়াও লিটার ছিল অন্যান্য চিকিৎসার তুলনায় কম এমোনিয়া যুক্ত।

এ বিষয়ে ডা: সোহেল বলেন, আমাদের দেশের প্রাণিজ আমিষের চাহিদা অনেকাংশে পূরণ করছে ব্রয়লার মুরগি কিন্তু, মুরগিতে উচ্চ মাত্রার এন্টিবায়োটিক ব্যবহারের ফলে এর ক্ষতিকর প্রভাব মানবদেহের ক্ষতি সাধন করে, অপর দিকে প্রোবায়োটিক ব্যবহারে কোন ক্ষতির সম্ভাবনা নেই।

ডা: সোহেল এর গবেষণা সম্পর্কে জৈব রাসায়নিক এবং খাদ্য বিশ্লেষণ বিভাগের সহকারী প্রফেসর ডা: সফিকুল ইসলাম বলেন ব্রয়লারে এন্টিবায়োটিক ব্যবহার করলে রেসিডুয়াল পার্ট কিছু থেকেই যায়, তবে প্রোবায়োটিক ব্যবহারে এ ধরনের কোন সমস্যা হয় না। এ বিষয়ে ডা: সোহেল এর গবেষণা সফল হয়েছে এবং আশাকরি তার এ গবেষণা বাংলাদেশের পোল্ট্রি শিল্পে ব্যাপক পরিবর্তন আনবে।

তাই ডা: সোহেল বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে পোল্ট্রি শিল্পের মত সম্ভবনাময় শিল্পে রেজিস্টার্ড ভেটেরিনারি ডাক্তার অথবা পুষ্টিবিদের পরামর্শ ব্যতীত এন্টিবায়োটিক এর ব্যবহার রহিতকরণসহ খাদ্য শিকলের মাধ্যমে মানুষের জীবন যাতে

ঝুঁকিপূর্ণ না হয় এজন্য সরকারসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন এবং এ শিল্পের সাথে জড়িত সকলকে গ্রোথ প্রমোটর হিসেবে প্রোবায়োটিক ব্যবহারে যত্নবান হওয়ার জন্য উৎসাহিত করেন।

উল্লেখ্য ডা: এ,এস,এম,এস হোসেন (সোহেল) পটুয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এনিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের অধীনে ২০০৪-০৫ সেশনে ডক্টর অফ ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) ডিগ্রি অর্জন করে বর্তমানে এলিয়া ফিড লিমিটেড এর বরিশাল জোনের এরিয়া ম্যানেজার হিসেবে কর্মরত আছেন।

মো: মুস্তাফিজুর রহমান পাণ্ডু

সাধারণ সম্পাদক,

ভেটেরিনারি স্টুডেন্ট'স এসোসিয়েশন (ভি.এস.এ)

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।